

## ২১ শে আগস্ট গ্রেনেড হামলায় আহতদের চিকিৎসার দায়িত্ব নিলেন বিএসএমএমইউ উপাচার্য

২০০৮ সালের ২১শে আগস্ট গ্রেনেড হামলার আহতদের চিকিৎসার দায়িত্ব নিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। আজ সোমবার ২২ জানুয়ারি ২০১৮ইং তারিখ বিকেলে মাননীয় উপাচার্য মহোদয়ের কার্যালয়ে ২১ আগস্ট হামলায় আহতদের সাথে অনুষ্ঠিত এক সভা শেষে তিনি আহতদের দায়িত্ব নেয়ার এ ঘোষণা দেন। মাননীয় উপাচার্য বলেন, ২১ আগস্ট গ্রেনেড হামলায় আহতদের চিকিৎসার জন্য বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে বিশেষ ব্যবস্থায় চিকিৎসাসেবা প্রদান করা হবে। এ বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে আহতদের চিকিৎসার জন্য যতটুকু করা সম্ভব তা করা হবে এবং সর্বোচ্চ সুযোগ-সুবিধা দেয়ার চেষ্টা করা হবে। এ জন্য চলতি সপ্তাহেই নীতিমালা করা হবে। আহতদের যাতে চিকিৎসার ক্ষেত্রে কোনো ধরণের ভোগান্তি না হয় তা নিশ্চিত করা হবে। আগামী সপ্তাহ থেকেই এ প্রক্রিয়া শুরু হবে। জাতির পিতার নামে প্রতিষ্ঠিত বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে ২১ আগস্ট গ্রেনেড হামলায় আহতদের যথাযথ চিকিৎসা নিশ্চিত করা আমাদের দায়িত্ব বলেই মনে করি। গুরুত্বপূর্ণ ওই সভায় উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও ২১ আগস্ট বাংলাদেশ-এর সভাপতি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, কার্ডিওলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. সজল কৃষ্ণ ব্যানার্জী, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, পরিচালক (পরিদর্শন) ও ফিজিক্যাল মেডিসিন বিশেষজ্ঞ অধ্যাপক ডা. এ কে এম সালেহ, সিডিকেট মেম্বার ও সার্জারি বিশেষজ্ঞ অধ্যাপক ডা. মোঃ ছয়েফ উদ্দিন আহমেদ, সিডিকেট মেম্বার ও নিরউরো সার্জারি বিশেষজ্ঞ সহযোগী অধ্যাপক ডা. মোহাম্মদ হোসেন, অর্থোপেডিক সার্জারি বিভাগের সহযোগী অধ্যাপক ডা. আবু জাফর চৌধুরী বিরু, নিউরো সার্জারি বিশেষজ্ঞ সহকারী অধ্যাপক ডা. মোঃ রেজাউল আমিন, ২১ আগস্ট বাংলাদেশ-এর সাধারণ সম্পাদক মোঃ নাজিম উদ্দিন নাজমুল, ২১ আগস্ট গ্রেনেড হামলায় আহত মোঃ বখতিয়ার জামান, কাজী বেলাল হোসেন, সাজেদুল আলম সবুজ, মোঃ সেলিম, মেহেরুল্লাহ মেরী প্রমুখ। সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও ২১ আগস্ট বাংলাদেশ-এর সভাপতি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এ ধরণের মহতী উদ্যোগ নেয়ার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মহোদয়কে ধন্যবাদ জানান। তিনি বলেন, ২১ শে আগস্ট গ্রেনেড হামলায় আহতদের অনেকেই মৃত্যু যন্ত্রণা নিয়ে দিন কাটাচ্ছেন। আহতদের কারো কারো অবস্থা অত্যন্ত গুরুতর। জরুরি ভিত্তিতে তাঁদের চিকিৎসাসেবা নিশ্চিত করা প্রয়োজন। অন্য বক্তারা ২১ আগস্ট গ্রেনেড হামলায় আহতদের যথাযথ চিকিৎসাসেবা প্রদান ও পুনর্বাসন নিশ্চিত করার জন্য তাঁদের মূল্যবান মতামত প্রদান করেন।

